গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
সাদুল্লাপুর,গাইবান্ধা।

WWW cooper at i ve.saduapur .gabandha.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

স্মারক নংঃ এপিএ প্রমানক/নৈতিকতা কমিটি ১.১/১৫১

তারিখঃ 11/10/২০২1 খ্রিঃ।

তারিখঃ ২৪/০৬/২০২৪ খ্রিঃ।

# নোটিশ

এতদ্বারা উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা এর নৈতিকতা সংক্রান্ত কমিটির সকল সদস্যগণকে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধায়ে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দের সমন্বয়ে আগামী ২৭/০৬/২০২৪ তারিখ বেলা ২.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর অফিসে ১টি নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপসিহত থাকার জন্য অনুরোধ করা হলো।

24/06/24

(মোঃ নাজমুজ্জামান সরকার)
উপজেলা সমবায় অফিসার
সাদুল্লাপুর,গাইবান্ধা।

জ্ঞাতার্থে অনুলিপি বিতরন:

১। মোঃ আনোয়ারুল ইসলাম, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা।

২। মোঃ ফরিদ মিয়া, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা।

৩। মোঃ রায়হান মিয়া, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা।

৪। জেলা সমবায় অফিসার, গাইবান্ধা।

৫। অফিস নথি।

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধায়ে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দের সমন্বয়ে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ**

সভাপতিঃ মোঃ নাজমুজ্জামান সরকার
উপজেলা সমবায় অফিসার
উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা।

সভার তারিখঃ ২৭/০৬/২০২৪ খ্রিস্টাব্দ।

সভার সময়ঃ বেলা: ২.০০ টা

স্থানঃ উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা।

উপস্থিতি: নৈতিকতা কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা।

অদ্যকার সভায় সভাপতি নৈতিকতা কমিটির উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ বাস্তবায়নে নৈতিকতা কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা কর্তৃক আলোচ্য সূচী মোতাবেক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | নৈতিকতা কমিটির সভা | নৈতিকতা কমিটির সভা সংক্রান্ত আলোচনায় প্রতি মাসে নৈতিকতা কমিটির সভা করার জন্য সভাপতি নৈতিকতাকমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করেন। | প্রতি মাসে নৈতিকতা কমিটির সভা পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত অব্যহত থাকবে এবং সভার কার্যবিবরনী পরবর্তী মাসের ৩ তাখের মধ্যে জেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা বরবর প্রেরণ করতে হবে। | নৈতিকতা কমিটি |
| ২ | দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন সংক্রান্ত বিষয়ে আলোচনা। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অত্র দপ্তরে কর্মকর্তা-কর্মচারীদের স্ব-স্ব দায়িত্রে মধ্যে থেকে জনসাধারনকে দক্ষতা নৈতিকতার ভিত্তিতে সঠিক সেবা নিশ্চিতসহ কর্মকর্তা-কর্মচারীদের অংশ গ্রহনে নিয়মিত উপস্থিতি, বিধিমালা ২০১৯, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ ও সচিবালয় নির্দেশমালা ২০১৪ বিষয়ে সচেতনতা বৃদ্ধি মূলক আলোচনা ও কর্মস্থলে নিয়মিত উপস্থিতি এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | দপ্তরে কর্মকর্তা-কর্মচারীদের স্ব-স্ব দায়িত্রে মধ্যে থেকে জনসাধারনকে দক্ষতা নৈতিকতার ভিত্তিতে সঠিক সেবা নিশ্চিতসহ কর্মকর্তা-কর্মচারীদের অংশ গ্রহনে নিয়মিত উপস্থিতি, বিধিমালা ২০১৯, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ ও সচিবালয় নির্দেশমালা ২০১৪ বিষয়ে সচেতনতা বৃদ্ধি মূলক আলোচনা ও কর্মস্থলে নিয়মিত উপস্থিতি এবং জাতীয় | নৈতিকতা কমিটি |
| ৩. | শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়কআইন/বিধি/নতিমালা/ম্যানুয়েল ওপ্রজ্ঞাপন/পরিপত্রিএর প্রয়োগ/বাস্তবায়ন | সভায় সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি, ২০১৯ বাস্তবায়নের লক্ষ্যে অত্র দপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগনকে আইন ও বিধি মোতাবেক কর্মচারী (নিয়মিত উপস্থিতি,২০১৯ নিশ্চিতকরণে প্রয়োজনীয় আলোচনা করা হয়। | অত্র দপ্তরে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগনকে আইন ও বিধি মোতাবেক কর্মচারী (নিয়মিত উপস্থিতি, ২০১৯ নিশ্চিত করতে হবে। | নৈতিকতা কমিটি। |
| ৪ | ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ | ৪.১ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদ করতে হবে। | স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদ করণ কার্য অব্যাহত রাখাতে হবে। | নৈতিকতা কমিটি ওফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | | ৪.২ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবা বক্স হালনাগাদ করতে হবে। | স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবা বক্স হালনাগাদ করার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে পত্র দিতে হবে। | নৈতিকতা কমিটি ওফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৫ | সুশাসন প্রতিসঠা | শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে | উত্তম চর্চার তালিকা প্রণয়ন করা | নৈতিকতা কমিটি |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | তালিকা মোতাবেক উত্তম চর্চা অব্যাহত রাখার বিষয়ে সভাপতি নির্দেশনা দেন। | হয়েছে। তালিকা মোতাবেক উত্তম চর্চা অব্যাহত রয়েছে। | |
| ৬ | সেবা প্রদানে ক্ষেত্রে শুদ্ধাচার | ৬. ১, সেবা সংক্রান্ত অভিযোগ গ্রহণের নিমিত্ত দৃশ্যমান স্থানে অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। | নিয়মিত অভিযোগ বক্স খুলতে হবে এবং পরীক্ষা করতে হবে। | নৈতিকতা কমিটি |
| | | ৬. ২, হেল্প ডেস্ক/ইনফরমেশন ডেস্ক/ওয়ান স্টপ সার্ভিস ডেস্ক স্থাপন সংক্রান্ত আলোচনায় এ দপ্তরে একটি হেল্প ডেস্ক এবং মুজিব কর্নার স্থাপন করার জন্য সভাপতি নির্দেশ দেন। | এ দপ্তরে একটি হেল্প ডেস্ক ও মুজিব কর্নার স্থাপন করতে হবে। | নৈতিকতা কমিটি |
| | | ৬.৩. সেবা প্রার্থীদের জন্য বিশ্রামস্থল/ অপেক্ষা কক্ষ/বসার স্থান নির্মাণ/প্রস্তুতকরণ সংক্রান্ত আলোচনায় এ দপ্তরে সেবা প্রার্থীদের জন্য একটি বিশ্রামস্থল বা বসার স্থান করার জন্য সভাপতি পরামর্শ দেন। | সেবা প্রার্থীদের জন্য বিশ্রামস্থল/ অপেক্ষা কক্ষ/বসার স্থান প্রস্তুত করা হয়েছে যা নিয়মিত মনিটরিং করতে হবে। | নৈতিকতা কমিটি |
| ৭ | ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার | পিপিএ ২০০৬ এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮ এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরে ক্রয়- পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ সংক্রান্ত আলোচনায় ক্রয় পরিকল্পনা গ্রহন ও অনুমোদন ওয়েব সাইটে প্রকাশ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | অফিস সহকারী কাম কম্পিউটার অটারেটর |
| ৮ | স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ | ৮.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ বিষয়ক আলোচনা হয়। ডিজিটাল সিটিজেন চার্টার সংগ্রহ করে ওয়েব সাইটে দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ডিজিটাল সিটিজেন চার্টার সংগ্রহ করে ওয়েব সাইটে দিতে হবে। | নৈতিকতা কমিটি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | | ৮.২ ও ৮.৩ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেনী বিন্যাস করণ ও শ্রেণী বিন্যাসকৃত নথি বিনষ্ট করতে হবে। | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী আগামী জুন/২০২৪ মাসের মধ্যে পুনরায় নথির শ্রেনী বিন্যাস ও শ্রেণী বিন্যাসকৃত নথি বিনষ্ট করতে হবে। | নৈতিকতা কমিটি |
| | | ৮.৪ প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন আগামী মার্চ/২০২৩ খ্রিস্টাব্দ মাসের মধ্যে করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | আগামী মার্চ/২০২৪ খ্রিস্টাব্দ মাসের মধ্যে গণশুনানীর আয়োজন করতে হবে। | নৈতিকতা কমিটি |
| ৯ | পরিবীক্ষণ ও মূল্যায়ণ | ১২.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০২২-২৩ ওয়েবসাইটে আপলোডকরণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০২৩-২৪ ওয়েবসাইটে আপলোডকরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | | ১২.২ নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় দাখিল ও ওয়েবসাইটে আপলোডকরণ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় দাখিল ও ওয়েবসাইটে আপলোড করতে হবে। | নৈতিকতা কমিটি ওফোকাল পয়েন্ট কর্মকর্তা |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নাজমুজ্জামান সরকার)
উপজেলা সমবায় অফিসার
সাদুল্লাপুর,গাইবান্ধা।

জ্ঞাতার্থে অনুলিপি বিতরন:

১। মোঃ আনোয়ারুল ইসলাম, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা।
২। মোঃ ফরিদ মিয়া, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা।
৩। মোঃ রায়হান মিয়া, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা।
৪। জেলা সমবায় অফিসার, গাইবান্ধা।
৫। অফিস নথি।

২৭/০৬/২৪

উপজেলা সমবায় অফিসার
সাদুল্লাপুর,গাইবান্ধা।

উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধায় অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার উপস্থিতির স্বাক্ষর

স্থান : উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর,গাইবান্ধায়।

তারিখ : ২৭/০৬/২০২৪ খ্রিঃ

সময় : বেলা- ০২ টা

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| 1. | জনাব মোঃ নাজমুজ্জামান সরকার | উপজেলা সমবায় অফিসার<br>আহ্বায়ক | |
| 2. | জনাব মো: আনোয়ারুল ইসলাম | সহকারী পরিদর্শক<br>সদস্য | |
| 3. | জনাব মোঃ ফরিদ মিয়া | সহকারী পরিদর্শক<br>সদস্য | |
| 4. | জনাব মোঃ রায়হান মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>সদস্য সচিব | |

সাদুল্লাপুর উপজেলা সমবায় কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় অনিষ্পন্ন নথি পর্যালোচনা সভার কার্যবিবরনী।

২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় অনিষ্পন্ন নথি পর্যালোচনা সভা বাস্তবায়নের লক্ষ্যে অদ্য ২৭/০৬/২০২৪ খ্রিঃ তারিখে সাদুল্লাপুর উপজেলা সমবায় কার্যালয়ে উপজেলা সমবায় অফিসার জনাব মোঃ নাজমুজ্জামান সরকার এর সাথে উপজেলা সমবায় কার্যালয়ের কর্মচারীদের পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপজেলা সমবায় অফিসার এর আদেশক্রমে সাদুল্লাপুর উপজেলা সমবায় কার্যালয়ের অনিষ্পন্ন নথি পর্যালোচনার কাজ শুরু করি। নথি পর্যালোচনা শেষে ২৭/০৬/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অত্র কার্যালয়ে কোন অনিষ্পন্ন নথি নাই মর্মে উপজেলা সমবায় অফিসার মহোদয়কে অবহিত করেন। এ সময় উপজেলা সমবায় অফিসার মহোদয় জানান অত্র কার্যালয়ের সকল নথির চিঠিপত্র যেন সাত দিন পর্যন্ত অনিষ্পন্ন অবস্থায় না থাকে সে লক্ষ্যে সতর্ক থাকার জন্য নির্দেশনা প্রদান করেন।

অতঃপর মহোদয়ের নির্দেশনা মোতাবেক উপস্থিত সকল কর্মচারী অত্রাফিসের সকল নথির চিঠিপত্র যাতে অনিষ্পন্ন অবস্থায় না থাকে সে বিষয়ে সতর্ক থাকবেন এবং সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/০৬/২০২৪

(মোঃ নাজমুজ্জামান সরকার)
উপজেলা সমবায় অফিসার
সাদুল্লাপুর, গাইবান্ধা।

সাদুল্লাপুর উপজেলা সমবায় কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় কর্ম পরিবেশ উন্নয়ন(স্বাস্থ্য বিধি অনুসরন) এর মতবিনিময় সভার কার্যবিবরনী।

২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় কর্ম পরিবেশ উন্নয়ন(স্বাস্থ্য বিধিঅনুসরন) এর নিমিত্তে মতবিনিময় সভা বাস্তবায়নের লক্ষ্যে অদ্য ২৭/০৬/২০২৪ খ্রিঃ তারিখে সাদুল্লাপুর উপজেলা সমবায় কার্যালয়ে উপজেলা সমবায় অফিসার জনাব মোঃ নাজমুজ্জামান সরকার এর সাথে উপজেলা সমবায় কার্যালয়ের কর্মচারীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপজেলা সমবায় অফিসার উপস্থিত সকল কর্মচারীদের কে অবহিত করেন যে,সুস্থ থাকার সবচেয়ে ভালো উপায় হলো স্বাস্থ্য বিধি অনুসরন করা। স্বাস্থ্য ভালো রাখার জন্য সুষমখাবারের পাশাপাশি পর্যাপ্ত পরিমানে নিরাপদ পানি পান করতে হবে। খাবার আগে বা খাবার তৈরীর আগে এবং টয়লেট ব্যবহার করার পর সাবান দিয়া ভালোভাবে হাত ধুতে হবে। স্বাস্থ্য সম্মত টয়লেট ব্যবহার করতে হবে এবং ব্যবহারের পর পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। ইহাছাড়া অত্র কার্যালয়ের চেয়ার,টেবিল ও ফাইল পত্র পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। কিছুক্ষণ পর পর হ্যান্ড স্যানিটাইজার ও সার্বক্ষনিক মাস্ক ব্যবহার করার পরামর্শ দেন।

অতঃপর মহোদয়ের নির্দেশনা মোতাবেক উপস্থিত সকল কর্মচারী স্বাস্থ্য বিধি অনুসরন পূর্বক চলার একমত পোষন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/০৬/২০২৪

(মোঃ নাজমুজ্জামান সরকার)
উপজেলা সমবায় অফিসার
সাদুল্লাপুর,গাইবান্ধা।

সাদুল্লাপুর উপজেলা সমবায় কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় অংশীজনের অংশ গ্রহনের সভার কার্যবিবরনী।

২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে ০৯/০৬/২০২৪ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদ হলরুম,সাদুল্লাপুর,গাইবান্ধায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশ গ্রহনে সভা অনুষ্ঠিত হয়। সভায় সাদুল্লাপুর উপজেলা সমবায় অফিসার জনাব মোঃ নাজমুজ্জামান সরকার বক্তব্য প্রদান করেন। এছাড়া জনাব মোঃ আনোয়ারুল ইসলাম,সহকারী পরিদর্শক এবং জনাব মোঃ ফরিদ মিয়া, সহকারী পরিদর্শক বক্তব্য রাখেন। সভায় সাদুল্লাপুর উপজেলাধীন ৫(পাঁচ) টি সমবায় সমিতি হতে মোট ২৫(পঁচিশ) জন সমবায়ী অংশ গ্রহন করেন।

সভায় সমবায় সমিতির সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। যেমন- সমবায় সমিতি আইন ও বিধিমালা সম্পর্কে আলোচনা,সমবায় সমিতি ব্যবস্থাপনা সম্পর্কে আলোচনা, সমবায় সমিতির বিভিন্ন সভা,নির্বাচন,নিরীক্ষা সম্পর্কে আলোচনা এবং হাঁস মুরগী,গরু ছাগল ও গৃহ পালিত অন্যান্য পশু পালন, মৎস্য চাষ,কৃষিকাজ,নারী শিক্ষা প্রসার ও বাল্য বিবাহ রোধ এবং পরিকল্পিত পরিবার গঠন সম্পর্কে আলোচনা করা হয়। উল্লেখিত বিষয়ে সমিতি পর্যায়ে বাস্তবায়নের ক্ষেত্রে যে কোন সমস্যার উদ্ভব হলে উপজেলা সমবায় কার্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধার সাথে যোগাযোগ করতঃ সমস্যার উপর তা বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হবে।

২৭/০৬/২০২৪

(মোঃ নাজমুজ্জামান সরকার)
উপজেলা সমবায় অফিসার
সাদুল্লাপুর,গাইবান্ধা।

সাদুল্লাপুর উপজেলা সমবায় কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩.৩ এর আলোকে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় মনিহারী মালামাল ষ্টক যাচাই এর বিবরনী।

২০২৩-২০২৪ অর্থ বছরের ৩.৩ এর আলোকে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় মনিহারী মালামাল ষ্টক যাচাই বাস্তবায়নের লক্ষ্যে অদ্য ২৭/০৬/২০২৪ খ্রিঃ তারিখে সাদুল্লাপুর উপজেলা সমবায় কার্যালয়ের মনিহারী মালামাল ষ্টক যাচাই সম্পন্ন করা হলো।

২৭/০৬/২০২৪

(মোঃ নাজমুজ্জামান সরকার)
উপজেলা সমবায় অফিসার
সাদুল্লাপুর, গাইবান্ধা।

সাদুল্লাপুর উপজেলা সমবায় কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩.১ এর আলোকে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরন ও সেবাগ্রহীতার মতামত এর বিবরনী।

২০২৩-২০২৪ অর্থ বছরের ৩.১ এর আলোকে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরন ও সেবা গ্রহীতার মতামত বাস্তবায়নের লক্ষ্যে বিগত ২৯/১২/২০২২ খ্রিঃ তারিখ হতে সেবা প্রদানের রেজিষ্টার সংরক্ষন করা হচ্ছে এবং উক্ত রেজিষ্টারে সেবার বিবরন ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষন করা হচ্ছে।

২৯/০৬/২০২৪

(মোঃ নাজমুজ্জামান সরকার)
উপজেলা সমবায় অফিসার
সাদুল্লাপুর,গাইবান্ধা।

সাদুল্লাপুর উপজেলা সমবায় কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় কর্মচারীদের উপস্থিতির পর্যালোচনা সভার কার্যবিবরনী।

২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির আওতায় কর্মচারীদের উপস্থিতির পর্যালোচনা সভা বাস্তবায়নের লক্ষ্যে অদ্য ২৭/০৬/২০২৪ খ্রিঃ তারিখে সাদুল্লাপুর উপজেলা সমবায় কার্যালয়ে উপজেলা সমবায় অফিসার জনাব মোঃ নাজমুজ্জামান সরকার এর সাথে উপজেলা সমবায় কার্যালয়ের কর্মচারীদের পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপজেলা সমবায় অফিসার উপস্থিত সকল কর্মচারীদের কে অবহিত করেন যে, নিয়মিত উপস্থিতি অধ্যাদেশ/১৯৮২ ধারা এবং সরকারী বিধি মোতাবেক যথা সময়ে অফিসে উপস্থিত এবং অফিস ত্যাগ করার জন্য সভাপতি সাহেব আলোক পাত করেন। সে মোতাবেক অফিসের সকল কর্মচারীগন উক্ত আদেশ অনুসরন করে মেনে চলার একমত পোষন করেন।

অতঃপর মহোদয় উপস্থিত সকল কর্মচারীগণ কে অধ্যাদেশ/সরকারী বিধি মোতাবেক অনুসরন করে অফিসে নিয়মিত উপস্থিতির জন্য অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/০৬/২০২৪

(মোঃ নাজমুজ্জামান সরকার)
উপজেলা সমবায় অফিসার
সাদুল্লাপুর, গাইবান্ধা।